

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 16 July, 2025

দক্ষিণ ভারতের জনপ্রিয় অভিনেতা রবি তেজার বাবা ভূপাতিরাজু রাজগোপাল রাজু আর নেই। গত মঙ্গলবার রাতে হায়দরাবাদের এক হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯০ বছর।

পারিবারিক সূত্রে জানা গেছে, রাজগোপাল রাজু বার্ধক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন। মৃত্যুর সময় তার পাশে ছিলেন পরিবারের সদস্যরা।

পেশায় ফার্মাসিস্ট রাজগোপাল রাজু জীবনের বেশিরভাগ সময় কাটিয়েছেন জনতার চোখের আড়ালে। ছেলে রবি তেজা দক্ষিণ ভারতের সুপারস্টার হলেও রাজগোপাল রাজু সবসময় নিভৃত জীবন যাপন করে গেছেন।

কর্মসূত্রে জয়পুর, দিল্লি, মুম্বাই ও ভোপালসহ বহু শহরে পরিবার নিয়ে বসবাস করেছেন তিনি।

রবি তেজা যখন চলচ্চিত্র জগতে তারকাখ্যাতি অর্জন করছেন, তখনও রাজগোপাল রাজু নিজ পেশাগত জীবনেই ছিলেন নিবেদিত। স্ত্রী রাজ্যলক্ষ্মীসহ তারা দুজনেই কমই জনসম্মুখে এসেছেন।

রাজগোপাল রাজুর মৃত্যুতে টলিউড ইন্ডাস্ট্রিতে শোকের ছায়া নেমে এসেছে। সহকর্মী ও ভক্তরা সামাজিক যোগাযোগমাধ্যমে রবি তেজা ও তার পরিবারের প্রতি সহানুভূতি ও শোক জানিয়েছেন।

রবি তেজা টলিউড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 02:09

URL: <https://timestodaybd.com/public/entertainment/8711134846>